

করতোয়া নদীতে চলছে অবৈধ বালু-পাথর উত্তোলনের মহোৎসব, হুমকিতে ফসলি জমি

ইকবাল বাহার, পঞ্চগড়

পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলার ভজনপুর এলাকায় করতোয়া নদীতে অবৈধভাবে বালু-পাথর উত্তোলনের অভিযোগ উঠেছে। নদীর বুকে বসানো হচ্ছে একের পর এক উত্তোলনযন্ত্র। এতে একদিকে নদীর স্বাভাবিক প্রবাহ ও জীববৈচিত্র্য হুমকির মুখে পড়ছে, অন্যদিকে নদীভাঙনে বিলীন হচ্ছে ফসলি জমি ও তীরক্ষা বাঁধ। হুমকির মুখে রয়েছে মৎস্য অভয়াশ্রম, চা-বাগান, গাছের বাগান, শাশান ঘাটসহ আশপাশের জনবসতি। স্থানীয়দের অভিযোগ, প্রশাসনের অভিযান সত্ত্বেও যাম্হচ্ছে না অবৈধ বালু-পাথর উত্তোলন।

সরেজমিনে দেখা গেছে, করতোয়া নদীর ভজনপুর এলাকার কালিয়ামনি, কুকুরমোহা ও গণাণাছসহ বিভিন্ন স্থানে যন্ত্রের সাহায্যে বালু-পাথর উত্তোলন করা হচ্ছে। স্থানীয়দের অভিযোগ, ছোট ছোট দলে বিভক্ত হয়ে একটি অসামু চক্র নদীর বিভিন্ন স্থানে উত্তোলনযন্ত্র বসিয়ে প্রকাশ্যে এ কার্যক্রম চালাচ্ছে। পাওয়ার টিলারচালিত যন্ত্র ব্যবহার করে নদীর বুক থেকে বালু-পাথর তোলা হচ্ছে। অভিযোগ রয়েছে, প্রশাসনের লোকজন কিংবা সাংবাদিকদের উপস্থিতি টের পেলেই অনেক ক্ষেত্রে যন্ত্র বন্ধ করে দেওয়া হয়।

স্থানীয় সূত্রের দাবি, প্রভাবশালী মহলের ছত্রছায়ায় দীর্ঘদিন ধরে নদীর বিভিন্ন স্থানে অবৈধ উত্তোলন চলছে। প্রতিদিন বিপুল পরিমাণ বালু-পাথর উত্তোলন করে তা বিভিন্ন ব্যবসায়ীর কাছে বিক্রি করা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। এতে একটি চক্র আর্থিকভাবে লাভবান ধরেও এর দীর্ঘমেয়াদি ক্ষতির বোঝা বহন করতে হচ্ছে নদী তীরবর্তী মানুষ ও পরিবেশকে।

সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো, অভিযোগের বাইরে থাকছে না সরকারি মহা অভয়াশ্রমও। বালানিগছ মৎস্য অভয়াশ্রম এলাকায় বালু-পাথর উত্তোলনের ফলে মাছের আবাসস্থল ও প্রজনন



পরিবেশ ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। নদীর তলদেশে নির্বিচারে খনন ও উত্তোলনের কারণে পাণির স্বাভাবিক প্রবাহ ব্যাহত হওয়ার পাশাপাশি জলজ প্রাণীর অস্তিত্বও হুমকিতে পড়তে পারে।

স্থানীয়দের ভাষা অনুযায়ী, গণাণাছ ও ভূতিপুকুর এলাকার নদীতীরবর্তী স্থানে ভাঙন তীব্র হয়েছে। কোথাও কোথাও তীরক্ষা বাঁধ নদীগর্ভে বিলীন হয়েছে বলে অভিযোগ রয়েছে। ভাঙনের বিস্তার বাড়তে থাকায় ফসলি জমি হারানোর শঙ্কায় রয়েছেন কৃষকেরা। একই সঙ্গে হুমকিতে পড়ছে চা-বাগান, ইউক্যালিপটাসের বাগান, কালিয়ামনি শাশানঘাট এবং আশপাশের বসতবাড়ি। নদী থেকে বালু-পাথর উত্তোলনের সঙ্গে জড়িত কয়েকজনকে ক্যামেরার সামনে বন্দব দিতে বলা হলে তারা নিজেদের প্রতিক পরিচয় দিয়ে কথা বলতে রাজি হননি। তবে তাঁদের বক্তব্য কৌশলে ধারণ করা হয়েছে। স্থানীয় জেলে ও নদীদর্শির মানুষের সাথে কথা বলে জানা গেছে, অবৈধ উত্তোলনের প্রভাব নিয়ে তাঁদের মধ্যে উদ্বেগ বাড়ছে।

প্রশ্ন উঠেছে, নদী ও পরিবেশের এমন ক্ষতির অভিযোগের পরও কীভাবে দিনের পর দিন চলছে এই কার্যক্রম? নিয়মিত অভিযান

পরিচালনার কথা প্রশাসন জানালেও বাস্তবে অবৈধ উত্তোলন বন্ধ না হওয়ায় স্থানীয়দের মধ্যে ক্ষোভ রয়েছে। শুধু সতর্কতা কিংবা বিচ্ছিন্ন অভিযান নয়, অবৈধ উত্তোলনের উৎস চিহ্নিত করে এর সঙ্গে জড়িত ব্যক্তি, ব্যবসায়ী ও পৃষ্ঠপোষকদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তারা। তবে স্থানীয়দের প্রশ্ন, অভিযান ও সতর্কবার্তার পরও যদি নদীর বুক থেকে নির্চিারে বালু-পাথর তোলা বন্ধ না হয়, তাহলে কার্যকর প্রতিরোধ কোথায়? করতোয়া নদী, মৎস্য অভয়াশ্রম, ফসলি জমি ও জনবসতি রক্ষায় এখন প্রয়োজন দৃশ্যমান ও ধারাবাহিক পদক্ষেপ। অন্যথায় একটি অসামু চক্রের মনাকার কাছে হারিয়ে যেতে পারে নদীর স্বাভাবিক পরিবেশ, কৃষকের জমি এবং বহু মানুষের নিরাপদ বসবাসের অধিকার। এ বিষয়ে তেঁতুলিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন জানান, অবৈধ বালু-পাথর উত্তোলনের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। পাশাপাশি সংশ্লিষ্টদের সতর্ক করা হচ্ছে। এ ধরনের কর্মসূচি কেউ জড়িত থাকলে তাঁর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও ইশিয়ারি দেন তিনি।

বদলগাছীতে গ্রাম পুলিশের মধ্যে বাইসাইকেল বিতরণ নওগাঁ প্রতিনিধি

নওগাঁ জেলার বদলগাছী উপজেলায় গ্রাম পুলিশদের মধ্যে নতুন সাইকেল বিতরণ করা হয়েছে। ২০২৫-২০২৬ আর্থিক বছরের সরকারি বরাদ্দের অর্থ দিয়ে এসব বাই-সাইকেল প্রদান করা হয়েছে।

গতকাল সোমবার বেলা ১১টায় উপজেলা পরিষদ চত্বরে নওগাঁ-৩ বদলগাছী-মহাদেবপুর আসনের সংসদ সদস্য মো. ফজলে হুদা বাবুল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গ্রাম পুলিশদের মধ্যে বাইসাইকেল বিতরণ করেন।

বদলগাছী উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহান সানির সভাপতিত্বে আয়োজিত বাই-সাইকেল বিতরণ অনুষ্ঠানে বদলগাছী উপজেলা বিএনপি'র সাধারণ সম্পাদক আব্দুল হাদি চৌধুরী টিপু, বিলাস বাড়ি ইউনিয়ান পরিষদের চেয়ারম্যান সাইদুর রহমান কেটু, বদলগাছী সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন, বালুভরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আল ইমরানসহ উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা এবং উপজেলা বিএনপি ও অঙ্গ সংগঠন সমূহের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপজেলার চটি ইউনিয়নের ইউনিয়ন পরিষদের মোট ৬৩ জন গ্রাম পুলিশকে একটি করে নতুন সাইকেল প্রদান করা হয়। এ সময় প্রধান অতিথি সংসদ সদস্য মো. ফজলে হুদা বাবুল বলেন গ্রাম পুলিশ ভারতের গ্রামাঞ্চলের আইন শৃঙ্খলা ও সামাজিক সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। সাইকেল প্রদানের মাধ্যমে তাদের কার্যক্রমে আরও গতিশীলতা আসবে।



বায়েগ্যাস ব্যবহারে বিদ্যুৎ ও গ্যাসের চাপ কমবে

–ফুলতলায় যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী

আনন্দ কুমার স্বর, খুলনা

জীবের বর্জ থেকে বায়োগ্যাস উৎপাদনের ফলে দেশের বিদ্যমান বিদ্যুৎ ও গ্যাসের ওপর চাপ অনেকাংশে কমবে। এই পরিবেশবান্ধব বায়োগ্যাস প্রযুক্তি পর্যায়ক্রমে দেশের প্রতিটি ঘরে ঘরে পৌঁছে দেওয়ার লক্ষ্য রয়েছে এবং সরকার এই প্রকল্পে প্রয়োজনীয় অর্থসহ সার্বিক সহযোগিতা প্রদান করবে।খুলনার ফুলতলার বরণপাড়া এলাকায় খুলনা যুব উন্নয়ন অধিদপ্তর আয়োজিত ‘বরণপাড়া বায়োগ্যাস পল্লী’র উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে আরও বলেন, যুব সমাজই আগামী দিনের ভবিষ্যৎ এবং তাদের টেকসই উন্নয়নে কাজ করে যাচ্ছে বর্তমান সরকার। যুবদের স্বাবলম্বী করতে সরকার বহুমুখী কর্মসূচি হাতে নিয়েছে এবং আগামী ৫ বছরে ১ কোটি যুবকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।খুলনা জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মজিবুল জাম্মাতের

সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় সঞ্চালনা করেন অধিদপ্তরের সিডি ফাইন্যান্সিং কর্মকর্তা মো. পারভেজ মোল্লা।অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় সংসদের হুইপ মো. রকিবুল ইসলাম বকুল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মো. মাহফজুর আলম খান, খুলনার বিভাগীয় কমিশনার মো. আবদুল্লাহ হারুন, ফুলতলা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সুচি রানী সাহা এবং যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মো. আবুল কালাম। এছাড়া অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বায়োগ্যাস পল্লীর সফল উদ্যোক্তা সফর গাজী, প্রমি আজার লিজা, মো. রানা শেখ, দলনতো মো. শামীম হাসান, শেখ আবু বকর ও মো. শামীম সরদার।সংশ্লিষ্টদের মধ্যে এই উদ্যোগের মাধ্যমে স্থানীয় পর্যায়ে বায়োগ্যাস প্রযুক্তির ব্যবহার সম্ভবসারণ, বিকল্প জ্বালানির বিস্তার এবং জৈব বর্জের কার্যকর ব্যবস্থাপনার ফলে পরিবেশদূষণ কমানো সম্ভব হবে। একই সঙ্গে গ্রামীণ অঞ্চলে টেকসই নবায়নযোগ্য জ্বালানির প্রসার স্থানীয় জনগণের আর্থসামাজিক উন্নয়নেও ইতিবাচক ভূমিকা রাখবে।



দৌলতপুরে ২৪ উপকারভোগীদের মধ্যে নলকূপ বিতরণ

মো. শাহ আলম, দৌলতপুর (মানিকগঞ্জ)

মানিকগঞ্জের দৌলতপুরে ২৪ জন উপকারভোগীদের মধ্যে নলকূপ বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার দৌলতপুর এডা়া বাংলাদেশ দৌলতপুর শাখা প্রকল্প অফিসের আয়োজনে ২৪ জন উপকারভোগীদের মধ্যে টিউবওয়েল বিতরণ করা হয়। ‘বিশ্বিং রিজিলিয়েন্ট কমিউনিটিজ প্রজেক্ট - দৌলতপুর, মানিকগঞ্জ-এর আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৌলতপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার সিলভিয়া সিদ্দিকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডা়া বাংলাদেশের প্রোগ্রামস ডিরেক্টর শিমু ক্যারোলিন শিকদার। আরো উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপজেলা উপসহকারী কোশলী জনাব জাকারিয়া কবির এসময় উপস্থিত ছিলেন ‘বিশ্বিং রেজিলিয়েন্ট কমিউনিটিজ প্রজেক্ট- দৌলতপুরের প্রকল্প

ব্যবস্থাপক বিতা বড়ুয়া। এছাড়া উপস্থিত ছিলেন অ্যাডভেটিস্ট ডেভেলপমেন্ট অ্যান্ড রিলিফ এজেন্সি (অউজএ) গউঅখ- সমন্বয়কারী মোঃ আবু মাহ্দের শারাহাত, এডা়া বাংলাদেশ দৌলতপুর শাখার সুপারভাইজার তন্ময় রায়, বর্ণা বেগম সিডিও,জীবন নদীর সিডিও, মহারানী রবিদাস সিডারিউ, গ্রিয়ান্ডা ইসলাম সিডারিউ, শিরিন আক্তার , রাবেয়া বসরি সিডারিউ এবং স্বপ্না আক্তার, ক্যানিশার সজীব মিনজী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট প্রকল্পের প্রতিিনিধি। ‘ওয়াটার ফর অল’ এবং ‘এড্িয়া সুইডেন’-এর (ডেথবথ ডডজ অবফ হরফ অউজঅ ববিফবহ) অর্থায়নে বাস্তবায়িত এই প্রকল্পের মাধ্যমে স্থানীয় দরিদ্র ও অসহায় উপকারভোগীদের মাঝে বিস্তৃত পানীয় জল নিশ্চিত করতে নলকূপ বিতরণ করা হয়। এ সময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও উপকারভোগী সাধারণ উপস্থিত ছিলেন।

কাউখালীতে পূবালী ব্যাংকের চারা বিতরণ ও রোপণ পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে পরিবেশের ভারসাম্য রক্ষা ও সবুজায়নের লক্ষ্যে পূবালী ব্যাংক দেয়ার লক্ষ্যে মৌলভীবাজারের কর্মসূচি পালিত হয়েছে। গতকাল সোমবার সকালে সরকারের প্রধানমন্ত্রী-নির্দেশিত ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির কার্যক্রমের অংশ হিসেবে উপজেলা পরিষদ চত্বরে নারিকেল গাছের চারা রোপণ করে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন অনুষ্ঠানে প্রধান অতিথি, কাউখালী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রেহেনা আক্তার। এ সময় উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি কাউখালী উপশাখার সিনিয়র অফিসার মো. জাহিদুল ইসলাম। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মো. মাসুম মিয়া, উপজেলা যুব উন্নয়ন অফিসার আবু কাওছার, উপজেলা বিনএনপির সাংগঠনিক সম্পাদক রফিকুল ইসলাম রফিক, উপজেলা বৈষ্ণবাব্দেক দলের সদস্যসচিব রাকিব তালুকদার, সাবেক ইউপি চেয়ারম্যান শামসুদ্দোহা, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার মিলন কুমার রায়, উপসহকারী কৃষি অফিসার মাইনুল হুদা ও সৈয়দ ফাহিম।

মুন্সীবাজারে পূবালী ব্যাংক এর আর্থিক সাক্ষরতা ও শিক্ষার্থী ব্যাঙ্কিং প্রোগ্রাম

পিন্টু দেবনাথ, মৌলভীবাজার

শিক্ষার্থীদের মাঝে সঞ্চয়ের মনোভাব গড়ে তোলা এবং ব্যাংক ব্যবস্থার সাথে পরিচয় করিয়ে দেয়ার লক্ষ্যে মৌলভীবাজারের কর্মলগঞ্জের মুন্সীবাজার কালীপ্রসাদ উচ্চ বিদ্যালয়ে ‘আর্থিক সাক্ষরতা এবং ছাত্র ব্যাঙ্কিং প্রোগ্রাম’ অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিদ্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচির আয়োজন করে পূবালী ব্যাংক পিএলসি এর মুন্সীবাজার সাব ব্রাঞ্চ, মৌলভীবাজার। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুন্সীবাজার কালী প্রসাদ উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি অধ্যাপক আব্দুল মুমিত চৌধুরী। প্রধান অাচোক হিসাবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি মৌলভীবাজার অঞ্চলের উপ-মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান প্রদো্যঃ কান্তি দাশ ও সহকারী মহাব্যবস্থাপক আলমগীর হোসেন।

পূবালী ব্যাংক পিএলসি মুন্সীবাজার উপশাখার ব্যবস্থাপক শমিল দেবনাথ এর সভাপতিত্বে ও জুনিয়র অফিসার আবুল কালামের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন কালী প্রসাদ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সত্যেন্দ্র কুমার পাল, এশিয়া বাণী জেলা প্রতিনিধি ময়নুল ইসলাম

সরাইলে মব সন্ধ্যাসের প্রতিবাদে কৃষকদের বিক্ষোভ, রুমিন ফারহানার বিরুদ্ধে অভিযোগ

সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) প্রতিনিধি

সারা দেশে মব সন্ধ্যাস ও অরাজকতা সৃষ্টির প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষকদলের সরাইল উপজেলা শাখা। গতকাল সোমবার (২৬ অক্টোবর) বিকেলে সরাইল কেন্দ্রীয় সড়ক মিনার প্রাঙ্গণ থেকে একটি বিক্ষোভ মিছিল বেরে হয়ে উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন উপজেলা কৃষকদলের আশ্রায়ক মশিউর রহমান। সভা সঞ্চালনা করেন সদস্যসচিব জয়নাল আবেদিন। সভায় বক্তারা অভিযোগ করেন, সম্প্রতি ব্যারিস্টার রুমিন ফারহানা সরাইল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও সরাইল থানায় মব সৃষ্টি করেছেন। তারা এ ধরনের কর্মকাণ্ডের সূচী তাম্বদ করে আইনামূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানান। এ সময় উপজেলা কৃষকদের যুগ্ম আশ্রায়ক আলান খন্দকার, আবাবুল বারেক, কামাল বন্দকার, নাজরুল বন্দকার, জুবায়দুর রহমান মাসেকন, নুরে আলম, রোমান মিয়া, মাওলানা ওসমান উদ্দিনসহ কৃষকদেরের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী উপস্থিত ছিলেন। এছাড়া বিভিন্ন ইউনিয়ন কৃষকদের নেতারাও সভায় অংশ নেন।

ডিমলায় ছাত্রলীগের ঝটিকা মিছিল

নীলফামারী প্রতিনিধি

নীলফামারীর ডিমলায় গত রোববার রাতের আধারে ঝটিকা মিছিল করেছে নিষিদ্ধ ঘোষিত ছাত্রসংগঠন ছাত্রলীগের নেতাকর্মীরা। মিছিলে আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতাকর্মীদের ‘ডিসেম্বরে বেলা হবে, ডিসেম্বরে দেখিয়ে দেবো’ স্লোগান দিতে দেখা যায়। ডিমলার তিভা নদীর পাড়ে একটা বাজার সড়কায় মিছিলটি শেষ হয়। তিভা নদীর পাশে রাতের আধারে কিছুক্ষণ মিছিল করে সবাই পালিয়ে যায়। মিলিটারে ডিভিওটি আরসাদুল নামের ব্যক্তি তার ফেসবুক আইডিতে শেয়ার করেন।



চৌধুরী, সহকারী শিক্ষক ফরিদ আহমদ প্রমুখ। অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তারা বলেন, জীবনের শুরু থেকেই আর্থিক ব্যবস্থাপনা ও সঞ্চয়ের অভাস গড়ে তোলা অত্যন্ত জরুরি। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা কীভাবে নিরাপদ ব্যাংকিং সেবার মাধ্যমে নিজেদের জমানো টাকা সঞ্চয় করতে পারে এবং ভবিষ্যৎ পড়াশোনার কাজে ব্যবহার করতে পারে, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ব্যাংকের পক্ষ থেকে ‘স্টুডেন্ট অ্যাকাউন্ট’ বা ছাত্র হিসাব খোলার নিয়মাবলী ও এর নানাবিধ সুবিধা ভূলে ধরা হয়। অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, পূবালী ব্যাংক পিএলসি এর মুন্সীবাজার সাব ব্রাঞ্চের কর্মকর্তা-কর্মচারী এবং বিদ্যায়ের বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

পাঁচবিবিতে ১০ দিনেই উঠে যাচ্ছে সড়কের পিচ

জয়পুরহাট প্রতিনিধি

পাঁচবিবি উপজেলার আটাপুর ইউনিয়নের গলাকাটা-আংড়া সড়কের কাপেটিং কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। কাজ শেষ হওয়ার ১০ থেকে ১৫ দিনের মধ্যেই হাত ও পা দিয়ে ঘষা দিলেই উঠে যাচ্ছে পিচ। রাস্তার ওপর দিয়ে গাড়ি জেরে গেলেও পিচ থাকছে না। উপজেলা প্রকৌশল অধিদপ্তর সূত্রে জানা যায়, ৮৫ লাখ টাকা ব্যয়ে বৃহত্তর পালনা-বগুড়া জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় গলাকাটা-আংড়া ৯৯০ মিটার দৈর্ঘ্যের সড়কটির কার্যদেয় পান ঠিকাদারি প্রতিষ্ঠান মোসার্স লিটা এন্টারপ্রাইজ। কাজের শুরু থেকেই নিম্নমানের ইট ও খোয়া ব্যবহারের অভিযোগ করেন এলাকাবাসী। কাজের সময় এলাকাবাসীর বাধার মুখে কিছু খোয়া পরিণত করা হয়। এবার কাপেটিংয়ে নিম্নমানের বিটুমিন ব্যবহার এসে পরিমাণে কম দেওয়ার অভিযোগ উঠেছে ঠিকাদারের বিরুদ্ধে। এতে সড়কের ছায়াড় নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। সরেজমিনে দেখতে গেলে উপজেলার আটাপুর ইউনিয়নের দাউদপুর গ্রামের মোয়াজ্জেম হোসেন নামের দোককে বলেন, ‘রাস্তাটির কাজ শুরু থেকেই নিম্নমানের সামগ্রী দিয়ে পাকাকরণের কাজ চলছে। বাধা দিলেও কর্তৃপত করেননি ঠিকাদার। ৮/১০ দিন আগে রাস্তায় পিচ দিয়েছে, কিন্তু এখনই পিচ উঠে যাচ্ছে।



নওগাঁয় নার্স নাসরিন নাহারের হত্যাকারীদের গ্রেপ্তারের দাবিতে মানববন্ধন

নওগাঁ প্রতিনিধি

নওগাঁ ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স নাসরিন নাহার হত্যার সাথে জড়িতদের গ্রেপ্তারের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। গতকাল সোমবার আটাপুর হাসপাতালের সামনে নওগাঁ ২৫০ শয্যা হাসপাতালে কর্মরত বিভিন্ন পর্যায়ের নার্স এবং নার্সিং ইনস্টিটিউট নওগাঁর শিক্ষার্থী নার্সরা এই মানববন্ধন কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

তারা নাসরিন নাহারের এই মৃত্যুকে হত্যাকাণ্ড উল্লেখ করে অবিলম্বে দোষীদের গ্রেফতার করে শাস্তির আওতায় আনার দাবী জানান। এই দাবী তুলে বক্তব্য রাখেন সিনিয়র স্টাফ নার্স জিনাত রেহেনা, মোঃ গোলাম করিব খান, মনাতাহেরা এবং সুপারভাইজার নাসিমা আকতার। তারা বলেছেন নওগাঁ হাসপাতালের সিনিয়র নার্স উক্ত নাসরিন নাহার ১৭ অক্টোবর শনিবার হাসপাতালে তার

দায়িত্ব পালন করে বাসায় যান। পরদিন ১৮ অক্টোবর ২০২৬ রবিবার তাঁকে শয়ন কক্ষে গলায় রশি দিয়ে বুলগুত অবস্থায় পাওয়া যায়। এসময় তাঁর শরী আব্দুল হকসহ অবস্থায় পাওয়া যায়। এসময় তাঁর শরী আব্দুল আরিয়ান রহান বাসায় ছিল। স্বামী মালেক গলায় রশি দিয়ে আত্মহত্যা বলা চালিয়ে দেয়ার চেষ্টা চালায়। বর্তমানে সে আত্মগোপনে রয়েছে। মানববন্ধন কর্মসূচিতে অংশ নেয়া উক্ত নার্সের পুত্র আদিব আরিয়ান রহান বলেছে প্রায়ই বাবা ও মার মধ্যে ঝগড়া হতো। বাবা তার মা'কে প্রায়ই মারধর করতো। উল্লেখ্য, মান্দা উপজেলার উত্তর কালিকাপুর গ্রামের নাসরিন নাহারের সাথে প্রায় ১০ বছর আগে একই উপজেলার খুদিয়াডাঙ্গা গ্রামের উক্ত আব্দুল মালেক-এর সাথে বিয়ে হয়।

পারিবারিক ভাবে জানা গেছে তাদের দাম্পত্য জীবন সুসের ছিল না। প্রায়ই ঝগড়া মারামারি হতো।